দৈনিক বাংলা ৮৭

Dacca : Friday, August 25, 1978

# শিক্ষকদের মাসিক ৩শ' টাকা কল্যাণ ভাতা দাবী

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ শিক্ষক সমিতি (জয়নাল গ্রুপ) আসন্ন ঈদের আগে তাঁদের ৬ দফা দাবী মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছেন।

বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবের এক সাংবাদিক সম্মেলনে সমিতির কর্মকর্তারা আহবান জানান।

কর্মকর্তারা সরকারী ও বেসরকারী স্কুলের বৈষম্যমূলক শিক্ষা ব্যবস্থার অবসান, শিক্ষকদের জন্য মাসিক তিন শ' টাকা ও অশিক্ষক কর্মচারীদের জন্য দু'শ টাকা কল্যাণ ভাতা প্রদানের ব্যবস্থা, শিক্ষক-শিক্ষিকা ও অন্যান্য কর্মচারীদের মূল বেতনের শতকরা ১৫ টাকা হারে বাধ্যতামূলক প্রভিডেন্ট ফান্ড চালু, সার্ভিস রুল প্রবর্তনের দাবী জানান।

শিক্ষক নেতৃবৃন্দ আরো বলেন: উল্লিখিত সময়ের মধ্যে তাঁদের দাবী-দাওয়া পূরণ না হলে আগামী ১৬ই সেপ্টেম্বর বিকেল ৪টায় বায়তুল মোকাররমে এক শিক্ষক সমাবেশে 'তাঁদের সংগ্রামের কর্মসূচী' ঘোষণা করা হবে।

সরকার কর্তৃক পঞ্চম শ্রেণী পর্যন্ত নোটবই প্রকাশনা বাতিল ঘোষণাকে শিক্ষক সমিতির কর্মকর্তারা 'সঠিক' বলে আখ্যায়িত করে বলেন যে পাঠ্য পুস্তকের বিষয়বস্তু ও লেখার জটিল পদ্ধতি পরিবর্তন না করে শুধুমাত্র নোটবই বাতিলের মাধ্যমে এর উদ্দেশ্য হাসিল হতে পারে না

শান্তি বাহিনী বাংলাদেশে প্রবেশের চুক্তি বাতিল এবং দেশের সকল আটক ও সাজাপ্রাপ্ত দেশপ্রেমিক রাজবন্দীদের অবিলম্বে মুক্তি দেয়ার জন্য তাঁরা দাবী জানান।

সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ শিক্ষা সমিতির (জয়নাল গ্রুপ) ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জনাব আবদুল খালেকসহ সমিতির অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভাপতি জনাব আবদুল মান্নান সভাপতির অনুপস্থিতির কারণ সম্পর্কে উপস্থিত কর্মকর্তারা সন্তোষজনক কোন জবাব দিতে পারেননি।

দৈনিক বাংলা

004

তারিখ ... 25/8/78 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 7 ...